

বরগুনা সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সমস্যা

বরগুনা (উত্তর) সংবাদদাতা ॥ শিক্ষক সংকট ও শ্রেণী কক্ষের সমস্যার জন্য বরগুনা সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হইতেছে। বিদ্যালয় সূত্রে জানা যায়, এই বিদ্যালয়ে ৮ শতাধিক ছাত্রী রহিয়াছে। সরকারী কোটা অনুযায়ী ২৭ জন শিক্ষক থাকার কথা; কিন্তু আছে মাত্র ১৬ জন। ১১ জন শিক্ষকের পদ ৪/৫ বছর ধরিয়া শূন্য রহিয়াছে। অবিশ্বাস্য হইলেও সত্য, এই বিদ্যালয়ে কোন ধর্মীয় শিক্ষক নাই। বিদ্যালয়ে ৩য় শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্যন্ত এবং অতিরিক্ত সেকশনসহ প্রতিঘণ্টায় ১৬/১৭ জন শিক্ষকের প্রয়োজন হয়। শিক্ষক সংকটই এই বিদ্যালয়ের প্রধান সমস্যা। এই ব্যাপারে প্রধান শিক্ষক মোঃ আজহার আলী জানান, শিক্ষক সংকটের বিষয়টি জরুরী ভিত্তিতে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অনেকবার জানান হইয়াছে। নিয়মিত ক্লাস চালানোর জন্য প্রধান শিক্ষকসহ সকল শিক্ষককে সকাল হইতে বিকাল পর্যন্ত একটানা ক্লাস নিতে হইতেছে। তাহার পরেও শিক্ষকদের ছুটি জগিত কারণে প্রতিদিনই কোন না কোন ক্লাস বন্ধ রাখিতে হয়।

বিদ্যালয়ের শ্রেণী কক্ষের সমস্যা প্রকট। ৮ শতাধিক ছাত্রীর স্থান সংকুলান হইতেছে না। শ্রেণী কক্ষের অভাবে নিরুপায় হইয়া জীবনের ঝুঁকি লইয়া পরিত্যক্ত ভগ্নপ্রায় ভবনে ক্লাস করিতে হইতেছে। মাঝে-মাঝে ছাদের টুকরা খসিয়া ছাত্রীরা আহত হয়। প্রধান শিক্ষক বলেন, সাড়ে ১৭ লক্ষ টাকা ব্যয়ে একটি ভবন নির্মাণের কার্যাদেশ দেওয়া হইলেও ঠিকাদার কাজ শুরু করিতেছে না; অথচ ৫/৬ মাস আগেই ভবনের নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার কথা। এই ব্যাপারে ফ্যাসিলিটিজ বিভাগকে বার বার তাগিদ দেওয়া সত্ত্বেও কোন ফল হইতেছে না। অপরদিকে গত ১ বছর পূর্বে যে ভবনটির কাজ শেষ হইয়াছে উহার ছাদ চুঁয়াইয়া পানি পড়ে। বিদ্যালয়ে ছাত্রীদের কমন রুম, প্রার্থনা কক্ষ, অডিটোরিয়াম নাই, প্রধান শিক্ষিকার কোন বাসভবন নাই। টয়লেটের অবস্থা শোচনীয়। বিগত বছরগুলিতে এই বিদ্যালয় হইতে ছাত্রীরা এস.এস.সি ও বৃত্তি পরীক্ষায় ভাল ফলাফল করিয়াছে। কিন্তু অতীতের সুনাম ধরিয়া রাখা কষ্টসাধ্য হইয়া পড়িয়াছে। ছাত্রীদের সহিত অভিভাবক মহলেও অসন্তোষ বিরাজ করিতেছে।